সংবাদ

তারিখ · 10 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

# চট্টগ্রামের শাহীন কলেজ শিক্ষার্থীদের বেতন-ভাতা প্রদানের আদেশ স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

চট্টগ্রামের বিএএফ শাহীন কলেজের শিক্ষার্থীদের (কেজি থেকে দশম শ্রেণী পর্যন্ত) বেতন-ভাতা বিষয়ে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত করেছেন চেম্বার বিচারপতি। সেইসঙ্গে বিষয়টি ৩০ অক্টোবর শুনানির জন্য আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠানো হয়েছে। গতকাল অবকাশকালীন চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী এ আদেশ দেন। চট্টগ্রামের বিএএফ শাহীন কলেজ কর্তৃপক্ষের করা এক আবেদনের শুনানি নিয়ে এ আদেশ দেয়া হয়। আবেদনের পক্ষে শুনানিতে অংশ নেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। অন্যদিকে রিট আবেদনকারীর পক্ষে শুনানিতে অংশ নেন আইনজীবী সুব্রত চৌধুরী।

প্রসঙ্গত, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বেতন ও টিউশন ফি বৃদ্ধি বিষয়ে গত ৯ আগস্ট একটি পরিপত্র জারি করে শিক্ষা মন্ত্রণালয়। এতে বলা হয়, অভিভাবকদের সঙ্গে আলোচনা করে তাদের সক্ষমতা বিবেচনায় নিয়ে বর্ধিত বেতন-ভাতা নির্ধারণ করতে হবে। তবে কোন অবস্থাতেই ছাত্রছাত্রীদের বেতন ৩০ শতাংশের বেশি বাড়ানো যাবে না। এ সিদ্ধান্তের বাইরে গিয়ে বিএএফ শাহীন কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে বর্ধিত বেতন-ভাতা আদায় করা হচ্ছে, দাবি করে গত ৫ সেপ্টেম্বর পাঁচ অভিভাবক একটি রিট আবেদন করেন। রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গত ৬ সেপ্টেম্বর চট্টগ্রামের বিএএফ শাহীন কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে সরকারের সিদ্ধান্তের বাইরে বর্ধিত হারে বেতন-ভাতা আদায় না করতে নির্দেশ দেন হাইকোর্ট। ছয় মাসের জন্য অন্তর্বর্তীকালীন ওই নিষেধাজ্ঞা দেয়া হয়।